গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ : ০২/০৭/২০২৫খ্রি.

## ২০২৩ সনের অনার্স ৪র্থ বর্ষ ইংরেজি ও পদার্থবিজ্ঞান বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের বিশেষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র কলেজের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক ২৫/০৬/০২০২৫ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তি** অনুযায়ী ২০২৩ সনের অনার্স ৪র্থ বর্ষের ইংরেজি ও পদার্থবিজ্ঞান বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের বিশেষ পরীক্ষার অনলাইনে ফরম পূরণ, ফিসের টাকা জমা ও ডাটা এন্ট্রির সময় নিম্নরূপ :

**অনলাইনে পরীক্ষার ফরম পূরণ ও জমাদানে শেষ তারিখ : ০৮/০৭/২০২৫খ্রি.**
**বিভাগ কর্তৃক অনলাইনে ফরম পূরণ নিশ্চিতকরণ (ভেরিফাইড) ও বিবরণী জমাদানের শেষ তারিখ : ০৯/০৭/২০২৫খ্রি.**

**শুধুমাত্র ইংরেজি ও পদার্থবিজ্ঞান বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের বিশেষ পরীক্ষার ফি**

| ক্রমিক | বিষয় | পত্র সংখ্যা | ফিস (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ইংরেজি | ১ | ১৬৫০/- | |
| ০২ | পদার্থবিজ্ঞান পূর্ণ পত্র | ১ | ১৬৫০/- | |
| ০৩ | পদার্থবিজ্ঞান অর্ধ পত্র | ১ | ১৫৯০/- | |

**বি: দ্র: পরবর্তী প্রতি পূর্ণ পত্রের জন্য ২০০/- ও প্রতি অর্ধ পত্রের জন্য ১৪০/- হারে অতিরিক্ত যোগ করে ফি জমা দিতে হবে এবং ব্যবহারিক কেন্দ্র ফি বাবদ জন প্রতি ১৩০/- হারে (প্রযোজ্য ক্ষেত্রে) যোগ করে জমা দিতে হবে।**

১। অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়ম (শিক্ষার্থীদের জন্য):

ক) আবেদনকারীকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ( বাটন ক্লিক করে সাইট আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরমপূরণের নির্দেশাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রি প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক হলে অনলাইন থেকে একটি পূরণকৃত ফরম প্রিন্ট করে নিবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয়সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাদি উল্লেখ থাকবে। অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।

খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে স্ব-স্ব বিভাগীয় প্রধান স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে ২০২৩ সালের ৪র্থ বর্ষের পরীক্ষার প্রবেশপত্র, অনলাইন ফলাফল শিট ও টাকা জমার রশিদসহ নির্ধারিত তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

২। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী :

**ইংরেজি বিষয়ের জন্য**

ক) ইংরেজি বিষয়ে ২০২৩ সনের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় নিয়মিত/অনিয়মিত যে সকল পরীক্ষার্থী ০১ কোর্সে (আলাদা আলাদা) অকৃতকার্য হয়েছে তারা আলোচ্য পরীক্ষায় শুধুমাত্র ০১ কোর্সে অংশগ্রহণ করতে পারবে। এখানে উল্লেখ্য যে, একাধিক কোর্সে অকৃতকার্য কোন শিক্ষার্থী আলোচ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

**পদার্থবিজ্ঞান বিষয়ের জন্য**

খ) পদার্থবিজ্ঞান বিষয়ে ২০২৩ সনের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় নিয়মিত/অনিয়মিত যে সকল পরীক্ষার্থী অকৃতকার্য হয়েছে তারা তাদের অকৃতকার্য কোর্সে/ কোর্সসমূহে আলোচ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এখানে উল্লেখ্য যে, অকৃতকার্য কোর্স/ কোর্সসমূহ বতিত অন্য কোন কোর্সে আলোচ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

চলমান পাতা-০২

৩। ফরম পূরণের ফি জমা দেয়াঃ

ক) ২০২৩ সনের অনার্স ৪র্থ বর্ষ বিশেষ পরীক্ষার্থীদের প্রথমে কলেজের নিজস্ব অনলাইন সফটওয়ার (www.enencollege.eshiksabd.com) এ প্রবেশ করে তথ্য ফরম পূরণ করতে হবে (যাদের তথ্য ফরম পূরণ করা আছে তাদের প্রয়োজন নেই) তথ্য ফরম পূরণের জন্য "edenstudent " ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করতে হবে। তথ্য ফরম পূরণ করার পর "উপায়/বিকাশ/রকেট/এমক্যাশ/সেলফিন" মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি জমা দেয়া যাবে। মানোন্নয়ন শিক্ষার্থীরা উল্লিখিত ওয়েবসাইটে প্রবেশ করে নিজে পরীক্ষার পত্র ও ফি নির্ধারণ করবে। ফি নির্ধারণের নির্দেশনা বিভাগে প্রেরণ করা হয়েছে।

**৪। বিভাগের করণীয় :**

ক) বিভাগসমূহ ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক ২৫/০৬/২০২৫ তারিখে ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি যথাযথভাবে অনুসরণ করে ছাত্রীদের ফরম পূরণ নিশ্চিত করবেন।

খ) বিভাগের জমাকৃত ফরম যাচাই-বাচাই করে অনলাইনে ভেরিফাইড পূর্বক বিবরণী, ফরম ও হিসাব তালিকা আগামী ০৯/০৭/২০২৫ইং তারিখে মধ্যে রেজিস্ট্রেশন শাখায় জমা দিতে হবে।

২/৭/২৫

(অধ্যাপক ড. শামছুন নাহার

অধ্যক্ষ

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

**কার্যার্থে :**

১। উপাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
৩। প্রধান সহকারি, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
৪। রেজিষ্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
৫। ক্যাশিয়ার, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
৬। সংরক্ষণ নথি।